



তথ্যবিবরণী

নম্বর-০৮৫

রাজশাহীতে বিএসটিআই কর্তৃক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

রাজশাহী; ১৫ কার্তিক (৩১ অক্টোবর):

আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর) রাজশাহী জেলার চারঘাট উপজেলার নন্দনগাছী এলাকায় চারঘাট উপজেলা প্রশাসন ও রাজশাহী বিএসটিআই বিভাগীয় অফিস এর যৌথ উদ্যোগে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

বিএসটিআই'র গুণগত মানসনদ গ্রহণ না করে অস্বাস্থ্যকর পরিবেশে 'বিস্কুট, পাউরুটি এবং কেক' উৎপাদন ও বিক্রয়-বিতরণ করায় এবং মোড়কে/লেবেলে অবৈধভাবে বিএসটিআই এর মানচিহ্ন সম্বলিত মনোগ্রাম ব্যবহার করায় নন্দনগাছীস্থ মিলন বেকারীকে ২৫ হাজার এবং রিফাত বেকারীকে ৩ হাজার টাকা জরিমানা করা হয়। একই অপরাধে পাটিয়াকান্দি বাজারে অবস্থিত ভাই ভাই বেকারীকে ১০ হাজার এবং জোতকার্তিকস্থ ইয়াসিন বেকারীকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

এছাড়া প্রতিষ্ঠানসমূহকে বিএসটিআই প্রদত্ত লাইসেন্স গ্রহণের জন্য ১ সপ্তাহ সময় প্রদান করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে কারখানার স্বাস্থ্য ও পরিবেশগত অবস্থা উন্নতকরণ এবং বিএসটিআই'র গুণগত মান সনদ গ্রহণ না করলে পরবর্তীতে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সতর্ক করা হয়।

মোবাইল কোর্টটি পরিচালনা করেন চারঘাট উপজেলা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মোঃ আরিফ হোসেন। এসময় প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন সার্টিফিকেশন মার্কস উইং এর কর্মকর্তা প্রকৌশলী জুনায়েদ আহমেদ।

জনস্বার্থে এরকম কার্যক্রম অব্যাহত থাকবে বলে জানিয়েছে রাজশাহী বিএসটিআই বিভাগীয় অফিস।

.....
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/হালিম/১৫:৩০ঘ.